# ইউরোসিনা ট্যাবলেট

হাব্বে সূযাক

**বিবরণঃ** ইউরোসিনা ট্যাবলেট একটি এন্টি-ব্যাকটেরিয়াল ঔষধ। যা গন্ধ বিরজা, ঝিনুক ও ছোলার সমন্বয়ে তৈরী। প্রায় সবকটি উপাদানে ব্যাকটেরিয়া বিরোধী বৈশিষ্ট্য রয়েছে। সুতরাং ইহা গণোরিয়া, প্রস্রাবের জ্বালাপোড়া, মূত্রনালীর ক্ষত ও শ্বেতপ্রদর নিরাময়ে কার্যকর ভূমিকা পালন করে।

**উপাদানঃ** প্রতিটি ট্যাবলেটে রয়েছেঃ

| ক্রমিক | উপাদান | বোটানিক্যাল নাম | পরিমান |
|---|---|---|---|
| ১. | কেন্নাহ্ মুছাফ্ফা (গন্ধবিরজা) | *Pinus longifolia* | ১৬৬.৬৭ |
| ২. | পোড়ানো ঝিনুক | *Pinctada margaritifera* | ১৬৬.৬৭ |
| ৩. | ভাজা ছোলা | *Cicer arietinum* | ১৬৬.৬৬ |

সূত্রঃ হাব্বে সূযাক, বা.জা.ই.ফ।

**রোগ নির্দেশনাঃ** গণোরিয়া, প্রস্রাবের জ্বালাপোড়া, মূত্রনালীর ক্ষত ও শ্বেতপ্রদর

**সেবনমাত্রা ও সেবনবিধিঃ** ১টি ট্যাবলেট দৈনিক ২ বার আহারের পর অথবা চিকিৎসকের নির্দেশ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ** কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় নি।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহারঃ** গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ইউরোসিনা ট্যাবলেট ব্যবহারে তেমন কোন তথ্য নেই। সুতরাং গর্ভাবস্থায় ইহা চিকিৎসকের পরামর্শ ব্যতীত সেবন নিষেধ।

**প্রতি-নির্দেশনাঃ** ইউরোসিনা ট্যাবলেট তেমন কোন প্রতি-নির্দেশনা পরিলক্ষিত হয়নি, তবে এ ফর্মূলায় ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীর ক্ষেত্রে ইহা প্রতিনির্দেশিত।

**সংরক্ষণঃ** সরাসরি আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক জায়গায় সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহঃ** প্রতিটি বক্সে রয়েছে ৫০ টি ট্যাবলেট অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে।

IBN SINA

প্রস্তুতকারকঃ
দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।